



বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
ঢাকা ইপিজেড হাসপাতাল
ঢাকা ইপিজেড, গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯।



সূত্রঃ ০৩.০৬.২৬৭২.৩৩৫.১১.২১৯.২১-৩৯৫

তারিখ : সেপ্টেম্বর ৩০, ২০২৪ইং।


নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা ইপিজেড হাসপাতাল ট্রাস্টি বোর্ডের অধীন ঢাকা ইপিজেড হাসপাতালে নিম্নোক্ত শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)।	পদ সংখ্যা	সর্বোচ্চ বয়সসীমা (০৭/১১/২০২৪ তারিখে)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	মেডিকেল অফিসার	২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)	৩	৩২ বৎসর	এমবিবিএস ডিগ্রীধারী এবং বিএমডিসির রেজিস্ট্রেশন প্রাপ্ত।
০২	ল্যাব টেকনোলজিস্ট	১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১)	১	৩০ বৎসর	সরকারি স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হতে ০৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি (ল্যাব)।
০৩	ডেন্টাল টেকনোলজিস্ট	১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১)	১	৩০ বৎসর	সরকারি স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হতে ০৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি (ডেন্টাল)।

শর্তাবলীঃ

- (১) সরকার কর্তৃক নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে দরখাস্ত আগামী ০৭/১১/২০২৪ তারিখের মধ্যে সদস্য সচিব, ঢাকা ইপিজেড হাসপাতাল ট্রাস্টি বোর্ড, ঢাকা ইপিজেড, সাভার, ঢাকা-১৩৪৯ বরাবরে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। অত্র অফিসে সরাসরি কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। উল্লিখিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে। আবেদনের নমুনা বেপজা এর ওয়েবসাইট: www.bepza.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।
- (২) উল্লিখিত তারিখের পর ডাকযোগে কিংবা অন্য কোন উপায়ে প্রেরিত দরখাস্ত গ্রহণ করা হবে না। বয়স প্রমাণের জন্য এফিডেভিড গ্রহণযোগ্য নয়।
- (৩) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- (৪) দরখাস্তের খামের উপরের মাঝখানে প্রার্থিত পদের নাম এবং নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।
- (৫) চাকরির প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।
- (৬) ঢাকা ইপিজেড হাসপাতাল, গনকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা এর অনুকূলে উল্লিখিত মেডিকেল অফিসার পদের জন্য ৪০০/- (চারশত) টাকা এবং ল্যাব টেকনোলজিস্ট ও ডেন্টাল টেকনোলজিস্ট পদের জন্য ৩০০/- (তিনশত) টাকার পে-অর্ডার (অফেরতযোগ্য) দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে। দরখাস্তের সাথে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে :
 - (ক) ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।
 - (খ) ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা তিন কপি পাসপোর্ট সাইজের ছবি।
 - (গ) ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
 - (ঘ) ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয়তা সনদপত্রের কপি/ম্যাশনাল আইডি কার্ডের কপি।
 - (ঙ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/পৌরসভার পৌর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
 - (চ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।
- (৭) কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা লিখিত/মৌখিক পরীক্ষার কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না। নিয়োগ প্রক্রিয়ার কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- (৮) কোন তদবীর বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।


(মোঃ ফেরদৌসুর রহমান)

অতিরিক্ত নির্বাহী পরিচালক (শিল্প সম্পর্ক), ঢাকা ইপিজেড

ও

সদস্য সচিব, ঢাকা ইপিজেড হাসপাতাল।